

পুনর্মিলনী-২০২৬

চূড়ান্ত আর্থিক প্রতিবেদন

সম্মানিত শিক্ষক, প্রাক্তন শিক্ষার্থী, আয়োজক কমিটির সদস্য ও স্বেচ্ছাসেবী ভাই-বোনেরা,

আসসালামু আলাইকুম,

আমরা আমাদের কাছে জমাকৃত সকল অর্থের আয়-ব্যয়ের হিসাব যথাসম্ভব স্বচ্ছতার সঙ্গে উপস্থাপন করার চেষ্টা করেছি। এই আয়োজনের জন্য প্রাপ্ত অর্থ মূলত তিনটি উৎস থেকে এসেছে:

১. নিবন্ধন (Registration) ফি
২. আয়োজক কমিটির সদস্যদের ৫,০০০ টাকা করে অনুদান
৩. স্পন্সরদের আর্থিক সহায়তা এবং বিভিন্ন ধরনের নির্দিষ্ট সহযোগিতা

অপরদিকে, এই বৃহৎ আয়োজনের ব্যয় একক কোনো ব্যক্তির মাধ্যমে সম্পন্ন হয়নি। বিভিন্ন ব্যক্তি ও দায়িত্বপ্রাপ্ত সদস্যের মাধ্যমে বিভিন্ন খাতে ব্যয় সম্পন্ন হয়েছে। সে কারণে প্রতিবেদনে প্রতিটি ব্যয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির নাম, ব্যয়ের খাত এবং ব্যয়ের বিস্তারিত তথ্য উল্লেখ করা হয়েছে, যাতে যে কেউ প্রয়োজন হলে বিষয়গুলো সহজেই যাচাই করতে পারেন।

এছাড়াও, সকল আয় ও ব্যয়ের সমন্বয়ে একটি সারসংক্ষেপ (Summary Report) এবং বর্তমান ব্যালেন্সের হিসাবও সংযুক্ত করা হয়েছে।

আপনাদের পর্যালোচনার জন্য নিম্নলিখিত প্রতিবেদনসমূহ সংযুক্ত করা হলো:

১. Registration_Payment_Reports
২. Committee_Donation_Details_Reports
৩. Sponsor_Details_Reports
৪. All_Expenses_Details
৫. Final_Balance

আপনাদের প্রতি অনুরোধ থাকবে, প্রতিবেদনগুলো মনোযোগসহকারে পর্যালোচনা করার জন্য। কোনো তথ্য সম্পর্কে জানার প্রয়োজন হলে বা কোনো বিষয়ে প্রশ্ন থাকলে সংশ্লিষ্ট ব্যয়ের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সঙ্গে সরাসরি যোগাযোগ করতে পারেন। এছাড়াও আয়োজক কমিটির যেকোনো সদস্যের মাধ্যমে যোগাযোগ করতে পারেন।

আমরা বিশ্বাস করি, একটি সুস্থ ও জবাবদিহিমূলক সংগঠন গঠনের জন্য গঠনমূলক সমালোচনা, মতামত এবং পরামর্শ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই আপনাদের যেকোনো যুক্তিসংগত মতামত ও পরামর্শ আমরা সাদরে গ্রহণ করব।



চৌবাড়ী ড. সালাম জাহানারা ডিগ্রি কলেজ

কামারখন্দ, সিরাজগঞ্জ

পুনর্মিলনী-২০২৬

চূড়ান্ত আর্থিক প্রতিবেদন

পরিশেষে, ব্যক্তিগতভাবে আমি আমার সর্বোচ্চ সময়, শ্রম ও সামর্থ্য দিয়ে এই আয়োজনকে সফল করার চেষ্টা করেছি। কিন্তু সকল প্রচেষ্টা সত্ত্বেও আমরা প্রত্যাশার শতভাগ সফলতা অর্জন করতে পারিনি।

আয়োজনে যে ভুল-ত্রুটি, সীমাবদ্ধতা বা ব্যর্থতা ছিল, আমাদের কোনো ভুল বা সীমাবদ্ধতার কারণে যদি কেউ কষ্ট পেয়ে থাকেন বা ভোগান্তির শিকার হয়ে থাকেন, তবে আমরা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি এবং ক্ষমাপ্রার্থী।

আপনাদের সহযোগিতা, অংশগ্রহণ, সমর্থন ও ভালোবাসার জন্য আন্তরিক ধন্যবাদ।

আল্লাহ আমাদের সকলের উত্তম প্রতিদান দান করুন।

বিনীত,

আয়োজক কমিটির পক্ষে

পুনর্মিলনী-২০২৬